



## ভোরে ইসরায়েলে ক্ষেপণাস্ত্র হামলা ইরানের



সংগৃহীত ছবি

মধ্যপ্রাচ্যে চলমান উত্তেজনার মধ্যে বৃহস্পতিবার ভোরে ইসরায়েলের দিকে একাধিক ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করেছে ইরান। ইসরায়েলের সামরিক বাহিনী জানিয়েছে, হামলার পর দেশটির বিভিন্ন এলাকায় সতর্কতা সাইরেন বেজে ওঠে এবং নিরাপত্তার জন্য অনেক বাসিন্দা আশ্রয়কেন্দ্রে চলে যান। আন্তর্জাতিক সংবাদমাধ্যমের তথ্য অনুযায়ী, বৃহস্পতিবার (৫ মার্চ) ভোরে একের পর এক ক্ষেপণাস্ত্র ছোড়া হলে লাখো ইসরায়েলি নিরাপদ স্থানে আশ্রয় নিতে বাধ্য হন। তবে তাৎক্ষণিকভাবে কোনো হতাহত বা বড় ধরনের ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি।

ইসরায়েলের জরুরি সেবা সংস্থার বরাতে জানানো হয়েছে, হামলার পর পরিস্থিতি পর্যবেক্ষণ করা হচ্ছে এবং এখন পর্যন্ত আহত বা নিহতের কোনো তথ্য নিশ্চিত হয়নি। জেরুজালেমে অবস্থানরত সাংবাদিকরা একাধিক বিস্ফোরণের শব্দ শুনতে পাওয়ার কথাও জানিয়েছেন।

এদিকে আরেক ঘটনায় ইরান থেকে ছোড়া একটি ড্রোন কুয়েতের উপকূলের কাছে একটি তেলবাহী ট্যাংকারে আঘাত হেনেছে বলে দাবি করা হয়েছে। এর ফলে জাহাজটিতে আগুন ধরে যায় এবং পরে সেটি ডুবে গিয়ে সাগরে তেল ছড়িয়ে পড়তে শুরু করে।

যুক্তরাজ্যের সামুদ্রিক নিরাপত্তা সংস্থা ইউকেএমটিও জানায়, বুধবার গভীর রাতে ড্রোনের আঘাতে এই ঘটনা ঘটে। জাহাজের ক্রুরা সবাই নিরাপদে উদ্ধার হলেও ডুবে যাওয়া ট্যাংকার থেকে তেল ছড়িয়ে পড়ায় পরিবেশগত ক্ষতির আশঙ্কা তৈরি হয়েছে। সংস্থাটি বলছে, ড্রোন হামলার যথেষ্ট প্রমাণ তাদের কাছে রয়েছে।